# সংসদ ভবনে বিশৃঙ্খলার জন্য দায়ী ফ্যাসিস্ট বাহিনী: সালাহউদ্দিন আহমেদ



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ অভিযোগ করেছেন, জুলাই যোদ্ধাদের মধ্যে ছাত্রনামধারী ফ্যাসিস্ট বাহিনী ঢুকে সংসদ ভবনে বিশৃঙ্খলা সৃষ্টি করেছে। তিনি বলেন, এটি অভ্যুত্থানের সঙ্গে জড়িত ব্যক্তিদের পক্ষে সম্ভব নয়।

শনিবার (১৮ অক্টোবর) জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে সালাহউদ্দিন আহমদ বলেন, জুলাই যোদ্ধাদের একটি যৌক্তিক দাবি ছিল, যা পূরণে তিনি নিজেও চেষ্টা করেছিলেন। পরে ঐকমত্য কমিশন জুলাই সনদে কিছু পরিবর্তন আনে। সেই পরিবর্তনের পরও যোদ্ধাদের অসন্তোষ প্রকাশের সুযোগ থাকা উচিত ছিল।

তিনি অভিযোগ করেন, ছাত্রনামধারী ফ্যাসিস্ট বাহিনী পরিকল্পিতভাবে সংসদ ভবন এলাকায় বিশৃঙ্খলা সৃষ্টি করেছে। "অভ্যুত্থানের সঙ্গে জড়িত কোনো ব্যক্তি এমন বিশৃঙ্খলা করতে পারে না," মন্তব্য করেন তিনি।

সালাহউদ্দিন আরও বলেন, গণতন্ত্রে ভিন্নমত থাকা স্বাভাবিক। এনসিপি ও চার বাম দল জুলাই সনদে স্বাক্ষর না করলেও তা আগামী নির্বাচনে প্রভাব ফেলবে না। তবে আশা প্রকাশ করেন, এক পর্যায়ে সব দলই সনদে স্বাক্ষর করবে।

LENS ASIA